গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
এমআইএসএন্ডএম বিভাগ
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৪২.১৬.৫৮৪.২০.৪৭

তারিখ: ১ মাঘ ১৪৩০
১৫ জানুয়ারি ২০২৪

বিষয়: **দৈনিক ও সাপ্তাহিক প্রতিবেদনের বস্তুনিষ্ঠতা নিশ্চিতকরণে অবশ্য পালনীয় নির্দেশনা**

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আঞ্চলিক দপ্তরসমূহ হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে এমআইএসএন্ডএম বিভাগ কর্তৃক খাদ্য শস্য সংগ্রহ ও বিলি বিতরণ সম্পর্কিত দৈনিক প্রতিবেদন প্রস্তুতপূর্বক মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়, সচিব ও মাননীয় মন্ত্রী, খাদ্য মন্ত্রণালয়সহ বিভিন্ন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করা হয়ে থাকে। কিন্তু প্রায়শ:ই প্রেরিত তথ্যে গড়িমল, ভুলভ্রান্তি ও অসামঞ্জস্যতা দেখা যায়। তাই এর বস্তুনিষ্ঠতা ও সঠিকতা নিশ্চিতকরণ একান্তভাবে আবশ্যক। বর্ণিত অসামঞ্জস্যতা নিরসনে নিম্নলিখিত সম্পূরক নির্দেশনা অনুসরণের জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলোঃ

১। (ক) সংশ্লিষ্ট সকলকে স্ব স্ব দায়-দায়িত্বে নির্ভুল প্রতিবেদন প্রণয়ন ও দ্রুততার সাথে প্রেরণ করতে হবে। দৈনিক প্রতিবেদনের জন্য প্রয়োজনে আদেশের মাধ্যমে রাত ৮ টা পর্যন্ত স্থায়ী কন্ট্রোল রুমের কার্যক্রম পরিচালনা করতে হবে;

(খ) দৈনিক প্রতিবেদনে দিনের প্রারম্ভিক মজুতের সাথে দিনের সংগ্রহ, প্রাপ্তি, প্রেরণ, বিতরণ, সমন্বয় করে ঐ দিনের সমাপ্তি মজুত নির্ণয়পূর্বক আবশ্যিকভাবে Primary Data Center (L.S.D/C.S.D Block/ Jetty etc.) বিকাল ৪.০০ টার মধ্যে কাজ শেষ করে Secondary Data Center (DCF/CMS/Silo etc.) এ টেলিফোনে তাগিদ প্রাপ্তি ছাড়াই স্ব-প্রণোদিতভাবে দৈনিক প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করবে;

(গ) Secondary Data Center সতর্কতার সাথে পরীক্ষা করে একীভূত প্রতিবেদন সন্ধ্যা ৬.৩০ মি. এর মধ্যে Tertiary Data Center (RFC) এ মেইল করবে। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক দপ্তর সন্ধ্যা ৭.৩০ মি. এর মধ্যে এমআইএসএন্ডএম বিভাগে ই-মেইল/ই-নথিযোগে প্রেরণ নিশ্চিত করবে;

(ঘ) সপ্তাহান্তে (Weekend) এ দৈনিক প্রতিবেদন প্রেরণের পূর্বে Secondary and Tertiary data Center এর সাপ্তাহিক মজুত প্রতিবেদন প্রস্তুতকারী মজুত শাখা ও দৈনিক প্রতিবেদন গ্রহণ-প্রেরণকারী কন্ট্রোল রুম পরস্পর মিলিকরণ করে সকল অসংগতি দূর করে দৈনিক প্রতিবেদন প্রেরণ করবে। এ মিলিকরণকে বস্তুনিষ্ঠ ও সঠিক করার স্বার্থে কিছুটা সময়/সুযোগ দেওয়ার জন্য সপ্তাহান্তের দৈনিক প্রতিবেদন বৃহস্পতিবার সন্ধ্যায় প্রেরণ না করে শনিবার অপরাহ্নে এমআইএসএন্ডএম বিভাগে প্রেরণ করতে হবে।

০২। Primary Data Center এ দিনের কার্যক্রম সমাপ্তির Cut of Time (বিকাল ৪ টা) এর পরও অনিবার্য কারণে Transaction করতে হলে তা পরবর্তী দিনের প্রতিবেদনে অন্তর্ভুক্ত করতে হবে। সর্ববিধ সতর্কতা অবলম্বন সত্বেও Primary Secondary এবং Tertiary যে কোন পর্যায়ে দৈনিক প্রতিবেদনের কোন অংশে কোন প্রকার কম বেশি হয়ে গেলে আবশ্যিকভাবে তা সপ্তাহের পরবর্তী দিন/দিনসমূহের মধ্যে যাচাইপূর্বক সমন্বয় করতে হবে। এ বিষয়ে সকল আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, সাইলো অধীক্ষক, জেলা খাদ্য নিয়ন্ত্রক, চলাচল সংরক্ষণ নিয়ন্ত্রকগণ স্ব স্ব অধিক্ষেত্রে সংশ্লিষ্টদের on the job প্রশিক্ষণ প্রদান, উদ্বুদ্ধকরণ এবং প্রয়োজনে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের মাধ্যমে আবশ্যিকভাবে সঠিক রিপোর্ট প্রেরণের জন্য সর্বোচ্চ প্রচেষ্টা গ্রহণ করতে হবে;

৩। (ক) উপর্যুক্ত Time Frame বজায় রেখে সাপ্তাহিক প্রতিবেদন প্রস্তুতপূর্বক Primary Data Center (L.S.D/C.S.D Block/ Jetty etc.) বৃহস্পতিবার সন্ধ্যায় ই-মেইলযোগে/বাহক মারফত বৃহস্পতিবার রাতে Secondary Data Center (DCF/CMS/Silo etc.) এ পৌছানো নিশ্চিত করবেন। Secondary Data Center সতর্কতার সাথে পরীক্ষা/মিলিকরণ করে একীভূত সাপ্তাহিক মজুত প্রতিবেদন শুক্রবার রাতের মধ্যে Tertiary Data Center এ ই-মেইল/ই-নথিযোগে প্রেরণ নিশ্চিত করবেন। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক দপ্তর অধিকতর সতর্কতার সাথে পরীক্ষা/মিলিকরণ করে শনিবার সকাল ১০.০০ টার মধ্যে মেইলযোগে/ই-নথিযোগে এমআইএসএন্ডএম বিভাগে প্রেরণ নিশ্চিত করবে;

(খ) খন্ডিত সপ্তাহে মাস শেষ হলে সে সপ্তাহের সাপ্তাহিক প্রতিবেদন মাসের শেষের দিন সন্ধ্যা ৬.০০ টার মধ্যে কাজ শেষ করে Secondary Data Center (DCF/CMS/Silo etc.) এ টেলিফোনে তাগিদ প্রাপ্তি ছাড়াই স্ব-প্রণোদিতভাবে দৈনিক প্রতিবেদন এর সাথে যুগপৎভাবে পাঠাতে হবে। Secondary Data Center সতর্কতার সাথে পরীক্ষা করে একীভূত প্রতিবেদন সন্ধ্যা ৭.৩০ টার মধ্যে Tertiary Data Center (RFC) এ মেইল করবে। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক দপ্তর অধিকতর সতর্কতার সাথে পরীক্ষা/মিলিকরণ করে পরের দিন অর্থাৎ মাসের ১ তারিখ বিনা ব্যর্থতায় সকাল ১০.০০ টার মধ্যে এমআইএসএন্ডএম বিভাগে ই-মেইল/ই-নথিযোগে প্রেরণ নিশ্চিত করবে।

১৫-১-২০২৪

আব্দুল্লাহ আল মামুন
অতিরিক্ত মহাপরিচালক
ফোন: +৮৮-০২-৪১০৫২২৭৯
ফ্যাক্স: +৮৮-০২-৯৫৫৬০৬৭
ইমেইল: adg@dgfood.gov.bd


বিতরণ :

১) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক,
খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ/রাজশাহী/চট্টগ্রাম/ঢাকা
২) প্রধান মিলার, পোস্তগোলা সরকারি আধুনিক ময়দা মিল, ঢাকা
৩) প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং, ঢাকা।
৪) সাইলো অধীক্ষক, বগুড়া/খুলনা স্টীল
সাইলো/বাগেরহাট/নারায়নগঞ্জ/ব্রাহ্মণবাড়িয়া/চট্টগ্রাম

৫) জেলা খাদ্য নিয়ন্ত্রক......... (সকল)
৬) ব্যবস্থাপক .................(সকল)
৭) ব্লক ইনচার্জ, কেন্দ্রীয় সংরক্ষণাগার ..........(সকল)
৮) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল)
৯) ভারপ্রাপ্ত কর্মকর্তা ..................(সকল)

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৪২.১৬.৫৮৪.২০.৪৭/১(১২)

তারিখ: ১ মাঘ ১৪৩০
১৫ জানুয়ারি ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
৩) পরিচালক ..........(সকল), খাদ্য অধিদপ্তর
৪) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
৫) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৬) অফিস/মাস্টার কপি।



১৫-১-২০২৪
মোহাম্মদ মামুনুর রশিদ
অতিরিক্ত পরিচালক